



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ০১ নভেম্বর, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ১ নভেম্বর, ২০১৮ তারিখ বিকাল ৪ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ প্রশাসন ভবন-২ এর সামনে প্রথমবারের মতো শীতাতপ নিয়ন্ত্রিত আধুনিক ২টি নতুন বাসের শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এসময় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন ও যথাযথ কর্মপরিবেশ সৃষ্টির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন জোরদার কর্মপরিকল্পনা গ্রহন করেছে। এরই ধারাবাহিকতায় আজ বিশ্ববিদ্যালয় পরিবহনপুলে নতুন ২টি শীতাতপ নিয়ন্ত্রিত বাস যুক্ত হলো। ইতোমধ্যে ছাত্র-ছাত্রীদের জন্য নতুন ২টি বাস যুক্ত হয়েছে। এ বছরের মধ্যে ছাত্র-ছাত্রীদের জন্য আরোও ৩টি বাস ক্রয়সহ মোট ৫টি নতুন বাস পরিবহনপুলে যুক্ত করার পরিকল্পনা রয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর সৈয়দ হাসানুজ্জান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও প্রক্টর প্রফেসর জহির উদ্দিন আহমদ, সিভিকিট সদস্য ও পরিবহন প্রশাসক প্রফেসর ড. জহির বিন আলম, সিভিকিট সদস্য প্রফেসর আমিনা পারভিন, এপ্লাইড সায়েন্সেস অনুষদের ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, সেন্টার অব এক্সেলেন্সের পরিচালক প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. মো. কবির হোসেন সহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধান, শিক্ষক কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার